

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪১.৯৯.০২৩.১৯-১৬৯

তারিখ: ২৩ ভাদ্র ১৪২৭

০৭ সেপ্টেম্বর ২০২০


বিষয়: বৃদ্ধিপ্রাপ্ত পদে নিয়োগপ্রাপ্তদের এমপিও জটিলতা নিরসন সংক্রান্ত।

সূত্র: মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০৩.০৭.০০১.২০-৪৪৭ তারিখঃ
১৯/০৮/২০২০ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ অনুযায়ী বৃদ্ধিপ্রাপ্ত নতুন পদে নিয়োগের বিষয়ে এ বিভাগের রাজস্ব বাজেট শাখার গত ১৯-১২-২০১৯ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৪৪.০৩.০০৮.১৯-২৭৫ স্মারক মূলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে এবং ১৯-১২-২০১৯ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৪৪.০৩.০০৮.১৯-২৭৬ স্মারক মূলে কারিগরি শিক্ষা অধিদপ্তরকে রোড ম্যাপসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের এমপিওভুক্তির জটিলতা নিরসনকল্পে মাননীয় মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ০৯-০৬-২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ০৩ নং আলোচ্যসূচীর 'খ' নং সিদ্ধান্ত মোতাবেক-বৃদ্ধিপ্রাপ্ত সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি/ভৌত বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা) পদগুলোর জনবল কাঠামোর শূন্য পদে যারা বৈধভাবে শিক্ষক নিবন্ধন পরীক্ষায় পাশ করে ২য় নিয়োগ চক্রের বিভিন্ন ধাপে এনটিআরসিএ কর্তৃক সুপারিশপ্রাপ্ত হয়েছেন এবং পদায়নকৃত প্রতিষ্ঠানে যোগদান করেছেন ও কর্মরত আছেন তাদের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ৩০-০৫-২০১৯ খ্রি. তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭(অংশ-১)-১৪৬ এবং মাউশির ০৪-০৮-২০১৯ খ্রি. তারিখের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৯৯.৫৭.২০১৬-৩০৪৮ মূলে জারীকৃত পত্রে যেহেতু তাদের নিয়োগ কার্যক্রম যথাক্রমে ২০১৮-২০১৯ এবং ২০১৯-২০২০ অর্থবছরে করতে হবে মর্মে উল্লেখ রয়েছে, সেহেতু তাদের বিধি ও যোগ্যতা মোতাবেক বর্ণিত অর্থবছরের সাথে মিলিয়ে সংশ্লিষ্ট অধিদপ্তর এমপিওভুক্ত করণের ব্যবস্থা গ্রহণ করবে।

৩। এমতাবস্থায়, বৃদ্ধিপ্রাপ্ত সহকারী শিক্ষক পদে নিয়োগ সংক্রান্ত জটিলতা নিরসনকল্পে এ বিভাগের ১৯-১২-২০১৯ খ্রি. তারিখের ৫৭.০০.০০০০.০৪৪.০৩.০০৮.১৯-২৭৫ ও ২৭৬ স্মারক পত্রের নির্দেশনা এবং মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ০৩ নং আলোচ্যসূচীর 'খ' নং সিদ্ধান্ত মোতাবেক এনটিআরসিএ কর্তৃক সুপারিশকৃত শিক্ষকদের নিয়োগ সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৭-৯-২০২০

মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া
উপসচিব

ফোন: ৯৫৭৫৮০৭

ইমেইল: dsmpo72@gmail.com


বিতরণ :

১) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর গাইড
হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড,
ঢাকা-১০০০।

২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা- ১২০৭।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫) যুগ্ম সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) অফিস কপি।



৭-৯-২০২০

মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া
উপসচিব